

## West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2010



## Part - II ( Honours )

## ECONOMICS

## Paper – III

Duration : 4 Hours

Full Marks : 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

## GROUP - A

## বিভাগ - ক

1. Answer any *three* questions :

3 × 4 = 12

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দিন :

a) Show that the degree of monopoly power of any profit maximising producer firm depends on the price elasticity of demand for the product.

দেখান যে কোন মুনাফা সর্বোচ্চকারী ফার্মের একচেটিয়া ক্ষমতার মাত্রা সেই দ্রব্যের চাহিদার দামগত স্থিতিস্থাপকতার ওপর নির্ভর করে ।

b) What is excess capacity of a firm under monopolistic competition ? How can excess production capacity be decomposed into two parts ?

একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের উদ্ধৃত্ত ক্ষমতা বলতে কি বোঝেন ? এই উদ্ধৃত্ত উৎপাদন ক্ষমতাকে কিভাবে দুটি ভাগে ভাগ করা যায় ?

c) What is meant by externality in consumption ? Explain with some examples.

ভোগের ক্ষেত্রে বাহ্যিক প্রভাব বলতে কি বোঝেন ? উদাহরণসহ ব্যাখ্যা করুন ।

d) What is dominant strategy ? Why is equilibrium of market stable in the presence of dominant strategy ?

আধিপত্যকারী কৌশল বলতে কি বোঝেন ? আধিপত্যকারী কৌশল উপস্থিত থাকলে বাজারের ভারসাম্য অবস্থা স্থিতিশীল হবে কেন ?

- e) A consumer has an initial wealth of Rs. 90,000 which is subject to a risk of fire. She faces the risk that she will suffer a loss of Rs. 80,000 with probability 0.05, if there is a fire. Assuming that her utility function is  $u = W^{0.5}$ , what is the maximum premium she is willing to pay to an insurance company to avoid the risk of fire ?

একজন ভোক্তার প্রাথমিক সম্পদের মূল্যমান 90,000 টাকা যেটিতে আগুন লাগার ঝুঁকি আছে। আগুন লাগলে ক্ষতির পরিমাণ দাঁড়াবে 80,000 টাকা। এই ঝুঁকির সম্ভাবনা 0.05। ভোক্তাটির উপযোগিতা অপেক্ষক  $u = W^{0.5}$  দেওয়া আছে। এখন আগুন লাগার ঝুঁকি থেকে বাঁচতে ভোক্তাটি কোন বীমা কোম্পানীকে সর্বোচ্চ কত মূল্য দিতে প্রস্তুত থাকবে ?

2. Answer any *one* question

1 × 8 = 8

যে কোন একটি প্রশ্নের উত্তর দিন :

- a) Analyse the determination of prices and output of a monopolist that faces a downward sloping demand curve for its domestic sales and a horizontal demand curve for sales in international market.

অভ্যন্তরীণ বাজারে ঋণাত্মক ঢাল সম্পন্ন কিন্তু আন্তর্জাতিক বাজারে অনুভূমিক চাহিদা রেখা বর্তমান এমন একটি একচেটিয়া কারবারের দুই বাজারে দাম নির্ধারণ ও উৎপাদন বিষয়টি বিশ্লেষণ করুন।

- b) Explain the social cost of monopoly.

একচেটিয়া কারবারের সামাজিক ব্যয়ের দিকটি আলোচনা করুন

- c) What is a Cartel ? Use Prisoner's Dilemma to explain instability of a cartel.

কার্টেল বলতে কি বোঝেন ? Prisoner's Dilemma-এর সাহায্যে কার্টেলের অস্থায়িত্ব ব্যাখ্যা করুন।

3. Answer any *two* questions :

2 × 15 = 30

যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন :

- a) i) In the Stackelberg model, the firm that sets output first has an advantage. Explain why. 8

যে উৎপাদন প্রতিষ্ঠান তার উৎপাদন পরিমাণ প্রথমে স্থির করে, Stackelberg-এর মডেলে সে সুবিধা পেয়ে থাকে। কেন ? ব্যাখ্যা করুন।

- ii) Discuss the role of conjectural variation in the determination of equilibrium under oligopoly. 7

অলিগোপলি বাজারের ভারসাম্য নির্ণয়ে অনুমান-নির্ভর আচরণগত প্রভেদ (conjectural variation)-এর ভূমিকা আলোচনা করুন।

- b) "Perfect price discrimination by a monopolist leads to a Pareto efficient outcome." Explain this statement.

"প্রথম স্তরের দাম স্বতন্ত্রীকরণ হলে একচেটিয়া কারবারের বাজারে প্যারোটো দক্ষতা থাকবে।" এই মন্তব্যের ব্যাখ্যা করুন।

- c) Why is demand for input called derived demand ? Derive the firm's demand curve for a variable factor in a competitive market when several variable factors are used.

উপাদানের চাহিদাকে ব্যুৎপন্ন চাহিদা বলা হয় কেন ? পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কোন পরিবর্তনশীল উপাদানের জন্য ফার্মের চাহিদা রেখা নিরূপণ করুন যেখানে একাধিক পরিবর্তনশীল উপাদান ব্যবহৃত হচ্ছে।

- d) "Pareto optimality is a necessary but not a sufficient condition for welfare maximum." Justify the statement.

"সামাজিক কল্যাণ সর্বাধিকরণের জন্য প্যারোটো কাম্যতা হল প্রয়োজনীয় শর্ত, যথেষ্ট শর্ত নয়।" উক্তিটির যথার্থতা ব্যাখ্যা করুন।

### GROUP - B

#### বিভাগ - খ

4. Answer any *three* questions :

3 × 4 = 12

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দিন :

- a) What is meant by Classical Dichotomy ?

ক্লাসিক্যাল 'দ্বি-বিভাজন তত্ত্ব' বলতে কি বোঝেন ?

- b) What is meant by 'Adaptive Expectation' ?

'গ্রহণযোগ্য প্রত্যাশা' ( adaptive expectation ) বলতে কি বোঝেন ?

- c) What are the determinants of real money demand according to 'Portfolio Theory' ?

'পোর্টফোলিও তত্ত্ব' অনুযায়ী অর্থের প্রকৃত চাহিদা কি কি বিষয়ের ওপর নির্ভর করে ?

- d) What is meant by 'Solow Residual' ?

'Solow-র অবশেষ' কাকে বলে ?

- e) What is inflation tax ?

মুদ্রাস্ফীতি কর কাকে বলে ?

- f) What are menu costs ?

মেনু খরচ কি ?

5. Answer any *one* question

1 × 8 = 8

যে কোন একটি প্রশ্নের উত্তর দিন :

- a) Discuss the effects of inflation when inflation is anticipated and unanticipated. 4 + 4  
 প্রত্যাশিত এবং অপ্রত্যাশিত মুদ্রাস্ফীতির ফলাফল আলোচনা করুন
- b) Explain how Phillips curve can be derived from the Aggregate Supply curve.  
 সামগ্রিক যোগান রেখা থেকে কি ভাবে Phillips রেখা নির্ণয় করা যায় তা ব্যাখ্যা করুন
- c) How does Tobin's  $q$  explain investment behaviour ?  
 টবিনের  $q$  কিভাবে বিনিয়োগকারীর আচরণ ব্যাখ্যা করে ?

6. Answer any *two* questions :

2 × 15 = 30

যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন :

- a) Explain Solow's model on long-run economic growth. How does a change in population growth rate affect the steady state rate of growth ? 12 + 3  
 Solow-র দীর্ঘকালীন আর্থিক প্রসারের ( long-run economic growth ) প্রতিকল্পটি ব্যাখ্যা করুন । জনসংখ্যা বৃদ্ধির হারের পরিবর্তন কিভাবে প্রসারের সুস্থিত অবস্থাকে ( steady state rate of growth ) প্রভাবিত করে ?
- b) What determines how often people go to the bank according to the Baumol-Tobin model ? Does this decision have anything to do with money demand ? 10 + 5  
 Baumol-Tobin-এর মডেল অনুযায়ী একজন ব্যক্তি কতবার ব্যাঙ্কে যাবে তা কিসের ওপর নির্ভর করে ? এই সিদ্ধান্তের সঙ্গে অর্থের চাহিদার কি কোন সম্পর্ক আছে ?
- c) What are the determinants of money supply ? Explain with IS-LM model the situation when money supply becomes endogenous and sensitive to rate of interest. 6 + 9  
 অর্থের যোগান-নির্ধারক বিষয়গুলি কি কি ? অর্থের যোগান যদি অভ্যন্তরীণ প্রক্রিয়ার দ্বারা নির্ধারিত হয় এবং সুদের হারের ওপর নির্ভরশীল হয়, তবে সেই অবস্থাটি IS-LM মডেলের সাহায্যে ব্যাখ্যা করুন ।
- d) The Say's Law of markets and the Classical Quantity Theory of Money are mutually inconsistent. Explain.  
 সে-র বাজার সূত্র এবং ক্লাসিক্যাল অর্থের পরিমাণ তত্ত্ব পরস্পর অসামঞ্জস্যপূর্ণ । ব্যাখ্যা করুন ।
- e) How does the Real Business Cycle theory explain fluctuations in output and employment ?  
 প্রকৃত বাণিজ্য চক্র সংক্রান্ত তত্ত্বের সাহায্যে উৎপাদন ও নিয়োগের অস্থিরতা কিভাবে ব্যাখ্যা করবেন ?

**West Bengal State University**

**B.A./B.Sc./B.Com. ( Honours, Major, General ) Examinations, 2010**

**PART-II ( Honours )**

**ECONOMICS**

**( Development Economics )**

**Paper-IV**

Duration : 4 Hours

Full Marks : 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

**GROUP - A**

বিভাগ - ক

1. Answer any *three* of the following questions ( maximum word limit is 100 ) :

3 × 4 = 12

যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দিন ( প্রতিটি উত্তরের সর্বাধিক শব্দ সংখ্যার সীমা ১০০ ) :

a) What is vicious circle of poverty ?

দারিদ্র্যের দুষ্চক্র কি ?

b) What are the different measures of inequality ?

বৈষম্যের বিভিন্ন পরিমাপগুলি কি কি ?

c) What is demographic dividend ?

জনসংখ্যার লভ্যাংশের ধারণাটি কি ?

d) Give two examples of gender discrimination in a society.

সমাজে লিঙ্গ বৈষম্যের দুটি উদাহরণ দিন ।

e) When is a technological progress said to be Hicks neutral ?

কলাকৌশলগত উন্নতিকে কখন হিক্স নিরপেক্ষ বলা হয় ?

Answer any *one* question

1 × 8 = 8

যে-কোন একটি প্রশ্নের উত্তর দিন :

2. Briefly discuss the process of demographic transition and explain its implications in economic development of a nation.

জনসংখ্যা পরবাস্তুরের প্রক্রিয়াটি সংক্ষেপে আলোচনা করুন এবং কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নে এর তাৎপর্য ব্যাখ্যা করুন ।

3. Discuss the relationship between global economic integration and environmental degradation.

বিশ্ব অর্থনৈতিক সংযুক্তি ও পরিবেশের অবক্ষয়ের মধ্যে সম্পর্কটি আলোচনা করুন

4. Write a short note on different versions of the balanced growth theory.

সুষম উন্নয়ন তত্ত্বের বিভিন্ন ভাষ্যের ওপর একটি সংক্ষিপ্ত টীকা লিখুন

Answer any *two* questions.

2 × 15 = 30

যে-কোন দুটি প্রশ্নের উত্তর দিন :

5. Distinguish between the notions of 'economic growth' and 'economic development'. Briefly explain in this connection the broad indicators of economic development.

5 + 10

'অর্থনৈতিক প্রসার' ও 'অর্থনৈতিক উন্নয়ন' এই ধারণা দুটির মধ্যে পার্থক্য নির্দেশ করুন । এই প্রসঙ্গে অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন মূল নির্দেশকগুলি সংক্ষেপে আলোচনা করুন ।

6. Explain the concept of Theory of Stages of Development. Critically compare Rostow's theory with Marxian theory in this context.

5 + 10

উন্নয়ন সংক্রান্ত পর্যায় বা ধাপ তত্ত্বের ধারণাটি আলোচনা করুন । এই প্রসঙ্গে মার্ক্সীয় তত্ত্বের সঙ্গে রস্টোর তত্ত্বের সমালোচনাসহ তুলনামূলক আলোচনা করুন ।

7. What factors are responsible for differences in technological choice between less developed and developed nations ? Discuss in this context the conflict between employment and savings in the process of choice of techniques in less developed nations.

5 + 10

স্বল্পোন্নত এবং উন্নত দেশগুলিতে প্রকৌশল মনোনয়নের ক্ষেত্রে কোন্ বিষয়গুলি দায়ী ? এই প্রসঙ্গে স্বল্পোন্নত দেশগুলিতে প্রকৌশল মনোনয়ন প্রক্রিয়ায় কর্মসংস্থান ও সঞ্চয়ের মধ্যে বিরোধটি আলোচনা করুন

8. Briefly explain the Lewis model on economic growth with unlimited supply of labour. Why is this model called classical model? What extension on this has been made by Harris and Todaro? 8 + 2 + 5

সীমাহীন শ্রমের যোগানের ক্ষেত্রে অর্থনৈতিক প্রসার সম্পর্কে লিউইসের তত্ত্বটি সংক্ষেপে ব্যাখ্যা করুন। এই তত্ত্বটিকে হ্যারিস ও টোডারো এই তত্ত্বের কি পরিবর্তন করেছেন?

### GROUP - B

#### বিভাগ - খ

9. Answer any *three* of the following questions ( maximum word limit is 100 ) :

3 × 4 = 12

যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দিন ( প্রতিটি উত্তরের সর্বাধিক শব্দ সংখ্যার সীমা ১০০ ) :

- a) Distinguish between static and dynamic gains from international trade.

আন্তর্জাতিক বাণিজ্যে স্থিতীয় ও গতিয় লাভের মধ্যে পার্থক্য করুন।

- b) What is 'infant industry argument for protection'?

'শিশু শিল্প সংরক্ষণের যুক্তি' কি?

- c) State the main functions of IMF.

আন্তর্জাতিক মুদ্রাভাণ্ডারের প্রধান কার্যাবলি উল্লেখ করুন।

- d) State the concept of market failure and state failure.

'বাজারের ব্যর্থতা' এবং 'রাষ্ট্রীয় ব্যর্থতা'-র ধারণা সম্পর্কে লিখুন।

- e) Distinguish between GATT and WTO.

গ্যাট এবং বিশ্ব বাণিজ্য সংস্থার পার্থক্য লিখুন।

Answer any *one* question :

1 × 8 = 8

যে-কোন একটি প্রশ্নের উত্তর দিন :

10. Explain the need for economic planning in a less developed nation.

স্বল্পোন্নত দেশে অর্থনৈতিক পরিকল্পনার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন।

11. Discuss the functions of World Bank.

বিশ্বব্যাঙ্কের কার্যাবলি আলোচনা করুন।

12. Why is there a historic tendency for the terms of trade to move against primary producing countries ?

প্রাথমিক পণ্য উৎপাদনকারী দেশগুলির প্রতিকূলে বাণিজ্য হার কাজ করার ঐতিহাসিক প্রবণতার কারণ আলোচনা করুন ।

Answer any *two* questions :

2 × 15 = 30

যে-কোন দুটি প্রশ্নের উত্তর দিন :

13. What are the salient features of multinational corporations ? In this context critically examine the role of foreign multinational corporations in fostering the process of economic development of less developed nations. 5 + 10

বহুজাতিক সংস্থাগুলির গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলি লিখুন । এই প্রসঙ্গে বৈদেশিক বহুজাতিক সংস্থাগুলি স্বল্পোন্নত দেশগুলির অর্থনৈতিক উন্নয়নে যে ভূমিকা পালন করে, তার সমালোচনামূলক ব্যাখ্যা দিন ।

14. Evaluate the structural adjustment programme of IMF. Analyse the nature of Third World Debt crisis. 8 + 7

আন্তর্জাতিক অর্থভান্ডারের পরিকাঠামোগত অভিযোজন কর্মসূচীর মূল্যায়ন করুন । তৃতীয় বিশ্বের দেশগুলি যে ঋণের সংকটে জর্জরিত — তার স্বরূপ বিশ্লেষণ করুন ।

15. "Trade acts as an engine of growth." Write a critical note on this.

'বাণিজ্য প্রসারের চালিকাশক্তি রূপে কাজ করে'-এর সম্পর্কে একটি সমালোচনামূলক টীকা লিখুন ।

16. Discuss the causes and effects of the British Industrial Revolution. 6 + 9

ব্রিটিশ শিল্প বিপ্লবের কারণ ও ফলাফল সমূহ আলোচনা করুন ।